

২০১৮

২২/৭/৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
 আইন ও বিচার বিভাগ
 সলিসিটর অনুবিভাগ, প্রশাসন শাখা-১
 কাল্পনিক সুযোগ কোর্ট প্রাপ্তি, ঢাকা।

21 SEP. 2016

২৩ তারি, ১৪২৩ বঙ্গাব্দ

তারিখ-----

০৭ সেপ্টেম্বর, ২০১৬ খ্রি:

নং ১০.০০.০০০০.১৩৩.৫৬.০১০.১৪(বিবিধ)-৬২(১৪০)

(১) বিষয়বস্তুয় বিজ্ঞ আদালতের রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে আপীল/রিভিশন দায়েরের প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।
(২) মৃত্যু সলিসিটর অনুবিভাগ, প্রশাসন শাখা-১ এর ০৭/১০/২০১৫ খ্রি: তারিখের ১০.০০.০০০০.১৩৩.৫৬.০১০.১৪(বিবিধ)-১১৩ নং স্মারক।

পরিপত্র

ইহা লক্ষ্য করা যাচ্ছে যে, সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/পরিদপ্তর এবং জেলা প্রশাসকের কার্যালয় হতে সরকারী শার্থ সুরক্ষার উদ্দেশ্যে বিজ্ঞ আদালতের দেওয়ানী/ফৌজদারী মামলাসমূহের বায ও ডিক্রী/আদেশের বিরুদ্ধে উচ্চতর আদালতে আপীল/রিভিশন এবং প্রশাসনিক টাইব্যুনালের রায়ের বিরুদ্ধে প্রশাসনিক আপীল টাইব্যুনালে, প্রশাসনিক আপীল টাইব্যুনালের রায়ের বিরুদ্ধে মাননীয় সুযোগকোর্টের আপীল বিভাগে এবং মাননীয় হাইকোর্ট বিভাগে রীট মামলার রায়/আদেশের বিরুদ্ধে মাননীয় সুযোগকোর্টের আপীল বিভাগে আপীল দায়ের করার প্রস্তাব আইনে নির্ধারিত সময়সীমার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ সলিসিটর উইং এ প্রেরণ করা হয় না। এ কারণে অনেক ক্ষেত্রে সরকারী শার্থ সংশ্লিষ্ট মামলা তামাদি দোষে বারিত হওয়ায় আপীল/রিভিশন দায়ের করা সম্ভবপ্র হয় না। হলেও তামাদির কারণে উহা সন্তোষজনক না হওয়ায় বেশীরভাবে ক্ষেত্রে বিজ্ঞ আদালত কর্তৃক না-মন্তব্য করা হয়। ফলে সরকারী বহু জর্মি/সম্পত্তি বেহাত হওয়ার মাধ্যমে সরকারী শার্থ বিনিয়োগ করা হয় এবং অপূর্বীয় আর্থিক ক্ষতি হয়।

২। উল্লেখ্য যে, উচ্চতর আদালতে আপীল/রিভিশন দায়ের করার জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদি একাত্তভাবে আবশ্যিক :-

- (ক) দেওয়ানী মামলার ক্ষেত্রে :- বিজ্ঞ আদালতের তর্কিত সকল রায় ও ডিক্রীর জাবেদা নকল(সার্টিফাইড কপি), সাঞ্চীর জবানবন্দীর জাবেদা নকল(সার্টিফাইড কপি), বিলম্বের ব্যাখ্যা এবং সরকারী কৌশুলীর (জিপি) এর মতামত;
- (খ) ফৌজদারী মামলার ক্ষেত্রে :- বিজ্ঞ আদালতের তর্কিত সকল রায় ও আদেশের জাবেদা নকল(সার্টিফাইড কপি), এজাহার, ১৬৪ ধারার জবানবন্দী, চার্জশীট ও ১৬১ ধারার সাঞ্চীর জবানবন্দী ইত্যাদির জাবেদা নকল(সার্টিফাইড কপি) এবং পাবলিক প্রসিকিউটর (পিপি) এর মতামত;
- (গ) রীট মামলার ক্ষেত্রে :- আর্জির পূর্ণাঙ্গ কপি, তর্কিত রায়/আদেশের জাবেদা নকল(সার্টিফাইড কপি), গ্রাউন্ড অব আপীল, বিলম্বের ব্যাখ্যা, কলমিশির কপি, দফাওয়ারী জবাব এবং মামলা সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্রাদি(যদি থাকে);
- (ঘ) প্রশাসনিক টাইব্যুনাল মামলার ক্ষেত্রে :- আর্জির কপি, দফাওয়ারী জবাব, ওকালতনামা; প্রশাসনিক আপীল টাইব্যুনাল মামলার ক্ষেত্রে:- তর্কিত রায়ের জাবেদা নকল(সার্টিফাইড কপি), ওকালতনামা, আর্জির কপি ও বিভাগীয় মামলার কাগজপত্রাদি(যদি থাকে); এবং মাননীয় সুযোগকোর্টের আপীল বিভাগে লীড-টি-আপীলের ক্ষেত্রে:- প্রশাসনিক টাইব্যুনাল ও প্রশাসনিক আপীল টাইব্যুনাল মামলার আর্জির কপি, দফাওয়ারী জবাব ও তর্কিত রায়/আদেশের জাবেদা নকল(সার্টিফাইড কপি)।